

সেপ্টেম্বর, ২০১৭
শ্রেণি : ২য়

বিভাগীয় বার্তা

বাংলা বিভাগ

চিটাগাং গ্রামার স্কুল (ন্যাশনাল কারিকুলাম)

প্রাণ ছটফট গুমোট গরম জষ্টি মাসের দুপুর
আম পাকানো ভ্যাপসা হাওয়া শুকায় জলা পুকুর।
হঠাৎ দেখি পুব আকাশে কৃষ্ণ রণতরী
ছাইলো অরুণ পরলো করুণ মেঘের নীলাম্বরী।
ফাটলো বাজি আকাশ জুড়ে কাঁপল গুরু গুরু
তাহার পরেই কান্না এলো, বৃষ্টি হলো গুরু।

সুপ্রিয় শিক্ষার্থী,

তোমাদের জন্য রইল বৃষ্টিপ্লাত কদম-কেয়ার শুভেচ্ছা।

গ্রীষ্মের দারুণ দাবদাহে দক্ষ প্রকৃতিতে যখন বর্ষার আগমন ঘটে তখন তার কোলাহলপূর্ণ আবির্ভাব প্রকৃতি ও মানুষকে যেন নবজীবন দান করে। তার আগমনের সঙ্গে সঙ্গে তপ্ত প্রকৃতির রূপমূর্তি সৌন্দর্যের নব ধারাজলে অবগাহন করে হয়ে ওঠে অপরূপ। প্রকৃতির মতো তোমাদের জীবনও নবরূপে বিকশিত হোক।

গত ১৪ আগস্ট আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে উদযাপিত হয় হিন্দু ধর্মাবলম্বীদের অন্যতম প্রধান উৎসব ‘জন্মাষ্টমী’। ন্যায় ও সত্য প্রতিষ্ঠার জন্য যুগে যুগে ভগবান শ্রীকৃষ্ণ পৃথিবীতে অবতীর্ণ হন। আশা করছি, তোমরাও সত্যনিষ্ঠতা ও ন্যায়পরায়ণতার আদর্শকে অবলম্বন করে নিজেদের জীবন গড়ে তুলবে এবং দেশের জন্য কাজ করে যাবে।

তোমাদের সরব অংশগ্রহণে প্রতিবছরের মতো এবারও গভীর শ্রদ্ধার সাথে আমাদের বিদ্যালয়ে ১৫ আগস্ট পালিত হলো বঙ্গবন্ধুর ৪২ তম শাহাদাত বার্ষিকী ও ‘জাতীয় শোক দিবস’। এই দিনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সপরিবারে নিহত হন। বাঙালি জাতির অপর দুই কীর্তিমান মহাপুরুষ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর মৃত্যু দিবসও (যথাক্রমে ৭ আগস্ট ও ২৯ আগস্ট) এই মাসে।

কিছুদিন পরেই মুসলিম ধর্মাবলম্বীদের দ্বিতীয় বৃহত্তম ধর্মীয় উৎসব পবিত্র ঈদ-উল-আজহা পালিত হবে। প্রতি বছর আরবি জিলহজ্জ মাসের ১০ তারিখ এই পবিত্র উৎসবটি পালিত হয়। মহান আল্লাহর নির্দেশে হযরত ইব্রাহীম (আঃ) প্রিয় সন্তান ইসমাইল (আঃ) কে কুরবানী দেয়ার সিদ্ধান্ত থেকে আমরা ত্যাগের যে দৃষ্টান্ত পাই তা থেকে আমাদের জীবনে ত্যাগের শিক্ষা হিসেবে গ্রহণ করবো।

আগামী ২৬ সেপ্টেম্বর মহাষষ্ঠীর মাধ্যমে সাড়ম্বরে উদযাপিত হতে যাচ্ছে হিন্দুদের প্রধান ধর্মীয় উৎসব দুর্গা পূজা। মহালয়ার আগমনী গানে দেবী বন্দনা গুরু এবং বিসর্জনে উৎসবের পূর্ণতা। দেবীর আশীষে তোমাদের জীবন হয়ে উঠুক মঙ্গলময়।

প্রিয় শিক্ষার্থীরা, তোমাদের (১ম থেকে ৪র্থ শ্রেণি) দ্বিতীয় সাময়িক পরীক্ষা শেষ হলো। আশা করি সবাই ভালো করেছ।

প্রতি বছরের মতো এবারও ২৩ সেপ্টেম্বর সাড়ম্বরে অনুষ্ঠিত হতে যাচ্ছে আমাদের বহুল আকাঙ্ক্ষিত বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান (ACP)। সবাই নিশ্চয় ভালোভাবে প্রস্তুতি নিয়ে অনুষ্ঠানটিকে বর্ণিল করে তুলবে।

‘ছড়া’ প্রতিযোগিতায় যারা অংশগ্রহণ করেছ এবং বিজয়ী হয়েছ তোমাদের সবাইকে আমাদের প্রাণঢালা অভিনন্দন।

ধন্যবাদ

বাংলা বিভাগ।

❖ ‘ছড়া’ প্রতিযোগিতায় বিজয়ী বন্ধুদের নাম-

১ম. রোদেলা রহমান

২য়. ওয়ারিশা কাজমী

৩য়. তেহজীব সারওয়ার ও আমিরা নূর

❁ পরবর্তী প্রতিযোগিতার বিষয় : গল্প বলা।